

## যুক্তরাজ্যে বিলম্বে ফ্লাইট ছাড়ায় শীর্ষে গ্যাটউইক বিমানবন্দর

- A Monitor Desk Report

Date: 23 April, 2025



ঢাকাঃ যুক্তরাজ্যে সবচেয়ে বিলম্বপ্রবণ বিমানবন্দর লন্ডন গ্যাটউইক। এজন্য এয়ার ট্রাফিক কন্ট্রোলার সমস্যার উল্লেখ করেছে দেশটির সিভিল এভিয়েশন অথরিটি।

গত বছর ব্রিটেনের দ্বিতীয় বৃহত্তম এ বিমানবন্দর থেকে গড়ে ২৩ মিনিটের বেশি দেরিতে ফ্লাইট ছেড়েছে। ২০২৩ সালেও একই খেতাব ছিল বিমানবন্দরটির দখলে, তখন গড় বিলম্ব ছিল ২৭ মিনিট।

মূলত জনবল সংকট কাটিয়ে ওঠায় গত বছর পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে। ফ্লাইট দেরিতে ছাড়ার তালিকায় দ্বিতীয় ও তৃতীয় অবস্থান বার্মিংহাম ও ম্যানচেস্টার বিমানবন্দরের। এ দুটি বিমানবন্দরে গড় বিলম্বের হার যথাক্রমে প্রায় ২১ ও ২০ মিনিট।

-B